গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(জেলা আইসিটি কেন্দ্র)
www.madaripur.gov.bd

জেলা ইনোভেশন টিম এর আগস্ট/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।

সভার স্থানঃ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ, মাদারীপুর।

তারিখঃ ২৮ আগস্ট, ২০১৬

সময়ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দঃ-

১. জনাব মোঃ আবিদুর রহমান, সহকারী কমিশনার (আইসিটি) ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
২. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৩. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৪. জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়াও নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়।

- **১ নং আলোচ্য বিষয়ঃ**
  ইনোভেশন উদ্যোগসমূহ বাস্তবায়ন পর্যালোচনা
  - <u>আলোচনা</u>ঃ গত ১৩-১৪ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক কর্মশালায় উপস্থিত জেলা ও চারটি উপজেলার ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক প্রস্তুতকৃত ছয়টি ইনোভেশন উদ্যোগসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণে জেলা ও উপজেলা ইনোভেশন টিম সদস্যবৃন্দদের নিয়ে বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে অক্টোবর, ২০১৬ মাসে কর্মশালা আয়োজনের আলোচনা হয়।
  - <u>সিদ্ধান্ত</u>ঃ ছয়টি ইনোভেশন উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আগামী অক্টোবর, ২০১৬ মাসে জেলা ও উপজেলা ইনোভেশন টিম সদস্যবৃন্দদের নিয়ে ০১ (এক) দিন ব্যাপী কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- **২ নং আলোচ্য বিষয়ঃ**
  বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৬ এর বাস্তবায়ন অগ্রগতি
  - <u>আলোচনা</u>ঃ গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রণয়নকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০১৬ অনুযায়ী জেলা ইনোভেশন টিম জেলা প্রশাসকের কার্যালয়ের ০৩ টি গুরুত্বপূর্ণ সেবা (যেমনঃ ১. রেকর্ডরুম হতে পর্চার বিতরণ পদ্ধতি সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা, যাতে সেবা প্রত্যাশিরা ভোগান্তি ছাড়াই যেকোন স্থান হতে বা নিজ নিজ ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে অনলাইনেই পর্চার আবেদন করতে পারে এবং অনলাইনেই পর্চার সরবরাহ পেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পর্চা বিতরণ সম্পূর্ণ অনলাইন ভিত্তিক করার ক্ষেত্রে সফটওয়ার ডেভেলপ করা দরকার বলে সভায় অভিমত প্রদান করা হয়। উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. বাহক নির্ভর পত্র বিনিময় পরিবর্তন করে ই-মেইল এর মাধ্যমে পত্র যোগাযোগ নিশ্চিত করার জন্য এ কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামার কর্তৃক শাখাভিত্তিক ই-ফাইলিং ও ই-মেইল ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ চালু রয়েছে এবং ই-মেইল এ পত্র যোগাযোগের হার অনেকাংশে বৃদ্ধি পেয়েছে ৩.শাখাভিত্তিক কর্মরত কর্মচারীর প্রদানকৃত সেবার বিবরণ উপস্থাপনের জন্য ডেক্সভিত্তিক সিটিজেন চার্টার স্থাপনের জন্য খসড়া সিটিজেন চার্টার প্রস্তুত হয়েছে। অচিড়েই চুড়ান্ত প্রকাশনা করা হবে এবং জেলা ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।
  - <u>সিদ্ধান্ত</u>ঃ বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে গৃহীত ও চিহ্নিত তিনটি সেবা প্রদানের বিষয়টি নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা সহ মাসিক প্রতিবেদনও জেলা ওয়েবপোর্টালের "ইনোভেশন কর্নার" নামক সাব-মেনুতে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

➢ **৩ নং আলোচ্য বিষয়:**

ডিজিটাল বাংলাদেশ বির্নিমানে জেলা পর্যায়ে বিভিন্ন ই-প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত

- **আলোচনা:** জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের দপ্তর হতে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে কর্মরত বা যিনি সংশ্লিষ্ট দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদে কাজ করেন বা করবেন, এমন একজন করে কর্মচারীকে নিয়ে ওয়েবপোর্টালে তথ্য আপলোডের নিয়ম-কানুন হাতে-কলমে প্রশিক্ষণদান করা যেতে পারে।

- **সিদ্ধান্ত:** ওয়েবপোর্টালে প্রশিক্ষণের বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামার জনাব সৈয়দ জাকির হোসেনকে প্রশিক্ষণ প্রদানের জন্য অনুরোধ করা হয়।

মাসিক জেলা ইনোভেশন সভায় সকলের উপস্থিতি ও আন্তরিক উপস্থাপনার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানান এবং সেই সাথে বর্তমান সরকারের রুপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে জনসাধারণকে প্রদত্ত সেবাকে কিভাবে অধিকতর সহজ ও দ্রুততার সাথে সরবরাহ করা যায় এ বিষয়ে জনকল্যাণমূলক সেবাদান পদ্ধতি উদ্ভাবনের উদ্যোগের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(খালেদ মোহাম্মদ জাকী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর
ফোন: +৮৮০৬৬১-৬২৬২৭
adcgmadaripur@gmail.com

স্মারক নং-০৫.৪১.৫৪০০.১২২.০২.০০৫.১৫- ২৮০ তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০১৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ:আ:- সিনিয়র সহকারী সচিব, ই-গর্ভর্নেন্স শাখা)।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (দৃ:আ:- সহকারী কমিশনার (উন্নয়ন))।
৩. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর সদর/কালকিনি/রাজৈর/শিবচর।
৪. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৬. জনাব মো: শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৭. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৮. গোপনীয় সহকারী । জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য

(মো: আবিদুর রহমান)
সহকারী কমিশনার (আইসিটি)
ফোন: +৮৮০৬৬১-৬১৫৮৫
ictcellmadaripur@gmail.com